

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৪২

৮/ याकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৮/২৮. যাকাত দানের ফযীলাত।

بَابِ فَضْل الصَّدَقَةِ

আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادِ الْمِصْرِيُّ أَنْبَأَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَا تَصَدَّقَ أَحَدٌ بِصَدَقَةٍ مِنْ طَيِّبٍ وَلَا يَقْبَلُ اللهُ إِلَّا الطَّيِّبَ إِلَّا أَخَذَهَا الرَّحْمَنُ بِيَمِينِهِ وَإِنْ كَانَتْ تَمْرَةً فَتَرْبُو فِي كَفِّ الرَّحْمَنِ تَبَارَكَ وَتَعَالَى حَتَّى تَكُونَ أَعْظَمَ مِنْ الْجَبَلِ وَيُربِيهَا لَهُ كَمَا يُربِّي أَحَدُكُمْ فُلُوَّهُ أَوْ فَصِيلَهُ

বাংলা

১/১৮৪২। আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি কোন পবিত্র মাল দান করে, আর আল্লাহ্ পবিত্র মাল ছাড়া অন্য কিছু গ্রহণ করেন না, তবে দয়াময় আল্লাহ্ তা তাঁর ডান হাতে গ্রহণ করেন, যদিও তা একটি খেজুর হয়। আল্লাহর হাতে তা বৃদ্ধিপ্রাপ্ত হয়ে পাহাড়ের চেয়েও বড় হয়ে ওঠে। আল্লাহ্ তা সে ব্যক্তির জন্য বৃদ্ধি করতে থাকেন, যেমন তোমাদের কেউ ঘোড়া অথবা উটের বাচ্চাকে লালন-পালন করে বড় করে।

English

Sa'eed bin Yasar narrated that:

he heard Abu Hurairah say: "The Messenger of Allah said: 'No one gives charity from good sources - for Allah does not accept anything but that which is good - but the Most Merciful takes it in His right hand, even if it is a date, and it flourishes in the Hand of the Most Merciful until it becomes bigger than a mountain and he tends it as anyone of you would tend to his colt (i.e., young pony) or his young (weaned) camel.'"

ফুটনোট



সহীহুল বুখারী ১৪১০, মুসলিম ১০১৪, তিরমিয়ী ৬৬১, ৬৬২, নাসায়ী ২৫২৫, আহমাদ ৭৫৭৮, ৮১৮১, ৮৭৩৮, ৮৯৯২, ৯১৪২, ৯১৪৯, ৯২৮১, ৯৭৩৮, ১০৫৬২, ১০৫৯৬, দারেমী ১৬৭৫

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন